দৈনিক
ইত্তেফাক

তারিখ ...19 OCT 2015...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# ঢাবি 'গ' ইউনিটে পাসের হার ১৭ শতাংশ

## ভর্তি পরীক্ষার ফল

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের বিজনেস স্টাডিজ অনুষদ অধিভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এতে পাস করেছেন ১৭ দশমিক ৫৬ শতাংশ শিক্ষার্থী। গতকাল রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল প্রকাশ করেন। এসময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও 'গ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং অনলাইন ভর্তি কমিটির আহবায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ উপস্থিত ছিলেন।

ভিসি জানান, 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষায় মোট ৪৩ হাজার ২৪২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৪০ হাজার ৯৫৬ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৭ হাজার ১৯৪ জন উত্তীর্ণ হয়েছে। এই ইউনিটে মোট আসন সংখ্যা ১ হাজার ১৭০টি। পরীক্ষার বিস্তারিত ফলাফল বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। এছাড়া যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU<GA<roll no টাইপ করে ১৬৩২১ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএস এ ফলাফল জানা যাবে।

জানা গেছে, পাসকৃত ১ থেকে ১২শ' মেধাক্রম পর্যন্ত শিক্ষার্থীদের আগামী ২০ থেকে ২৬ অক্টোবর পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২১ অক্টোবর থেকে ২৯ অক্টোবরের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। প্রসঙ্গত, গত শুক্রবার এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।